**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/3/2022 **গভর্নর ক্যাথি হোচুল**

# গভর্নর হোচুল তৃতীয় বিভাগ, আপিলেট বিভাগে শূন্যপদ পূরণের জন্য নিয়োগের ঘোষণা করেছেন

গভর্নর ক্যাথি হোচুল আজ সুপ্রিম কোর্টের আপিলেট ডিভিশন, তৃতীয় বিভাগে (Appellate Division of the Supreme Court, Third Department) শূন্যপদ পূরণের জন্য তিনটি নিয়োগের ঘোষণা দিয়েছেন। আজকে নির্বাচিত বিচারপতিরা ট্রায়াল কোর্টে তাদের অভিজ্ঞতা, চিত্তাকর্ষক আইনি প্রমাণপত্র, শক্তিশালী ন্যায়ের মানসিকতা এবং তৃতীয় বিভাগের প্রতি ন্যায়ের অঙ্গীকারবদ্ধতা নিয়ে আসবেন। এই আইনজ্ঞরা নিউ ইয়র্ক স্টেট জুড়ে বিচার ব্যবস্থার শ্রেষ্ঠত্ব এবং বৈচিত্র্যকে প্রতিফলিত করে।

"নিউ ইয়র্কবাসীদের তাদের বিচার ব্যবস্থাকে সমুন্নত রাখার জন্য সর্বোত্তম এবং উজ্জ্বলতমরা প্রাপ্য, এবং আমার কোন সন্দেহ নেই যে এই তিনজন নিয়োগকারী সম্মান ও স্বাতন্ত্র্যের সাথে কাজ করবে," **গভর্নর হোচুল বলেন।** "বৈচিত্রময় অভিজ্ঞতা এবং পটভূমি সহ, আমি এই বিচারপতিদের আপিলেট বিভাগে নিয়োগ করতে পেরে গর্বিত এবং নিশ্চিত যে তাদের পরিষেবা নিউ ইয়র্কবাসীদের জন্য ন্যায়বিচারের স্বার্থকে আরও অগ্রসর করবে।"

গভর্নর সুপ্রিম কোর্টের বিচারপতি লিসা ফিশার, অ্যান্ড্রু সেরেসিয়া এবং এডি ম্যাকশানকে আপিলেট বিভাগ, তৃতীয় বিভাগে তিনটি শূন্যপদ পূরণের জন্য নিয়োগ করেছেন। থার্ড ডিপার্টমেন্ট আপস্টেট নিউ ইয়র্কের 28-টি কাউন্টি কভার করে, যার ব্যাপ্তির মধ্যে আছে মধ্য-হাডসন উপত্যকা থেকে কানাডিয়ান বর্ডার পর্যন্ত এবং পশ্চিমে সুইলার এবং সাউদার্ন টায়ারে চেমুং কাউন্টি পর্যন্ত।

<u>মাননীয়া লিজা ফিশার</u>

লিসা ফিশার 2015 সালে নির্বাচিত হওয়ার পর থেকে তৃতীয় বিচার বিভাগীয় জেলায় (Third Judicial District) সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে কাজ করছেন। সুপ্রিম কোর্টের আগে, বিচারপতি ফিশার 2011 থেকে 2014 সাল পর্যন্ত আলস্টার কাউন্টি পাবলিক ডিফেন্ডার অফিসের পারিবারিক আদালত বিভাগের (Family Court Division at the Ulster County Public Defender's Office) একজন সহকারী পাবলিক ডিফেন্ডার ছিলেন। বিচারপতি ফিশার এর আগে 1994 থেকে 2013 সাল পর্যন্ত একক অনুশীলনকারী (Sole Practitioner) হিসাবে কাজ করেছিলেন।এছাড়াও তিনি 1999 থেকে 2007 সাল পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট অফিস অফ কোর্ট অ্যাডমিনিস্ট্রেশনে (New York State Office of Court Administration) মাননীয় এডওয়ার্ড টি. ফিনির জন্য কোর্ট অ্যাটর্নি এবং 2001 সাল পর্যন্ত আলস্টার কাউন্টি ডিপার্টমেন্ট অফ সোশ্যাল

সার্ভিসের (Ulster County Department of Social Services) জন্য আংশিক সময়ের স্টাফ অ্যাটর্নি হিসাবে কাজ করেছেন। বিচারপতি ফিশার নোভা সাউথইস্টার্ন ইউনিভার্সিটির শেপার্ড ব্রড কলেজ অফ ল্য (Shepard Broad College of Law at Nova Southeastern University) থেকে J.D. এবং ইউনিভার্সিটি অফ সাউথ ফ্লোরিডা (University of South Florida) থেকে একটি B.A. অর্জন করেন।

<u>মাননীয় অ্যান্ড্রু জি. সেরেশিয়া</u>

অ্যান্ড্রু সেরেসিয়া রেনসেলার কাউন্টি সুপ্রিম কোর্টের তৃতীয় বিচার বিভাগীয় জেলায় (Third Judicial District of the Rensselaer County Supreme Court) বিচারপতি হিসেবে 2017 সাল থেকে কাজ করেছেন।2011-2016 সাল থেকে, বিচারপতি সেরেসিয়া নিউ ইয়র্ক রাজ্য সুপ্রিম কোর্টের তৃতীয় বিচার বিভাগীয় জেলায় (Third Judicial District of the New York State Supreme Court) একজন ভারপ্রাপ্ত বিচারপতি ছিলেন। একই সাথে, তিনি 2009 থেকে 2016 পর্যন্ত রেনসেলার কাউন্টি কোর্টের (Rensselaer County Court) বিচারক ছিলেন। 2009 সালে, বিচারপতি সেরেসিয়া গভর্নর ডেভিড এ. প্যাটারসন কর্তৃক কাউন্টি কোর্টের বিচারক নিযুক্ত হন। 2005 থেকে 2009 সাল পর্যন্ত, তিনি NYS সুপ্রিম কোর্টের আপিলেট বিভাগের তৃতীয় বিভাগে আপিল আদালতের (Third Department of the Appellate Division of the NYS Supreme Court) অ্যাটর্নি হিসাবে কাজ করেছেন। 2005 সালে, বিচারপতি সেরেসিয়া আলবানি, রেনসেলার এবং হাডসনের সিটি কোর্টের (City Courts of Albany, Rensselaer, and Hudson) একজন ভারপ্রাপ্ত বিচারক ছিলেন। তিনি 2004 থেকে 2009 সাল পর্যন্ত নর্থ গ্রিনবুশের একজন টাউন জজ হিসেবেও দায়িত্ব পালন করেন। বিচারপতি সেরেসিয়া 1999 থেকে 2004 সাল পর্যন্ত কার্টার, কনবয়, কেস, ব্ল্যাকমোর, ম্যালোনি এবং লেয়ার্ডের (Carter, Conboy, Case, Blackmore, Maloney, and Laird) একজন অ্যাটর্নি ছিলেন। 1998 থেকে 1999 সাল পর্যন্ত, সেরেসিয়া নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের আপিলেট বিভাগের তৃতীয় বিভাগে আপিল আদালতের (Appellate Division of the New York State Supreme Court) অ্যাটর্নি ছিলেন। বিচারপতি সেরেসিয়া অ্যালবানি ল্য স্কুল (Albany Law School) থেকে J.D. এবং স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University of New York, SUNY) অনেওণ্টা থেকে B.S. অর্জন করেছেন।

<u>মাননীয় এডি ম্যাকশান</u>

2020 সালে তার নির্বাচনের পর থেকে, এডি ম্যাকশান নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের আপিলেট টার্মের প্রথম বিচার বিভাগীয় বিভাগে (First Judicial Department of the Appellate Term of the New York State Supreme Court) সহযোগী বিচারপতি হিসেবে কাজ করেছেন। বিচারপতি ম্যাকশান নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের দ্বাদশ জেলায় (Twelfth District of the New York State Supreme Court) বিচারপতি হিসেবেও কাজ করেন। উপরন্তু, বিচারপতি ম্যাকশান 1998 সাল থেকে ব্রঙ্কস কমিউনিটি কলেজ CUNY-তে (Bronx Community College CUNY) ব্যবসা এবং প্যারালিগাল বিভাগের একজন সহযোগী অধ্যাপক হয়ে রয়েছেন। নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টে, তিনি 2016 থেকে 2018 সাল পর্যন্ত একজন ভারপ্রাপ্ত বিচারপতি এবং 2015 সালে হাইব্রিড ভারপ্রাপ্ত বিচারপতি ছিলেন। 2013 থেকে 2018 সাল পর্যন্ত, বিচারপতি ম্যাকশান নিউ ইয়র্ক সিটির সিভিল কোর্টের (Civil Court for New York City) বিচারক ছিলেন। তিনি 2008 থেকে 2012 সাল পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের (New York State Supreme Court) জন্য বিশেষ রেফারি হিসাবে কাজ করেছেন। নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টে, বিচারপতি ম্যাকশান

1999 থেকে 2008 সাল পর্যন্ত বিচারপতি লাটিয়া মার্টিনের জন্য প্রিন্সিপাল ল্য ক্লার্ক এবং 1998 থেকে 1999 সাল পর্যন্ত বিচারপতি ফ্র্যাঙ্ক টরেসের জন্য সহযোগী আইন ক্লার্ক ছিলেন।এছাড়াও তিনি 1994 থেকে 1998 সাল পর্যন্ত রোনাল্ড পেলিগ্রার আইন অফিসে (Law Offices of Ronald Pelligra) একজন সহযোগী অ্যাটর্নি ছিলেন। বিচারপতি ম্যাকশান সাইরাকিউজ বিশ্ববিদ্যালয়ের আইন কলেজ (College of Law at Syracuse University) থেকে J.D., সাইরাকিউজ বিশ্ববিদ্যালয়ের ম্যাক্সওয়েল স্কুল (Maxwell School at Syracuse University) থেকে M.P.A এবং সেন্ট লরেন্স বিশ্ববিদ্যালয় (St. Lawrence University) থেকে সমাজবিজ্ঞানে B.A. ডিগ্রি অর্জন করেন।

চারটি আপিল বিভাগের প্রত্যেকটির জন্য বিচার বিভাগীয় স্ক্রীনিং কমিটি (Judicial Screening Committees) আবেদনগুলি পর্যালোচনা করে এবং কয়েক ডজন আবেদনকারীর সাক্ষাৎকার নেয়। কেবল সেই সমস্ত আবেদনকারীরা যাদের কমিটি "অত্যন্ত যোগ্য" বলে গণ্য করেন করা হয়, তাদের বিবেচনার জন্য গভর্নরের কাছে জমা দেওয়া হয়। "অত্যন্ত যোগ্য" হিসেবে বিবেচিত হতে প্রার্থীদের অবশ্যই সততা, স্বাধীনতা, নেতৃত্ব, বুদ্ধি, আইনি ক্ষমতা, বিচার, মানসিকতা এবং অভিজ্ঞতা প্রদর্শন করতে হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন